গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খাগড়াছড়ি সদর
খাগড়াছড়ি পার্বত্য জেলা
www.sadar.khagrachari.gov.bd

স্মারক নং ০৫.৪২.৪৬৪৯.০০০.০২.০২৪.২০১৯-৭৭২৫ তারিখ : ১৭ অক্টোবর ২০২২ খ্রি.

-: নোটিশ :-

আগামী ২৪ অক্টোবর ২০২২ খ্রি. তারিখ রোজ সোমবার নিম্ন সময়সূচি মোতাবেক উপজেলা পরিষদ মিলনায়তনে ৫ম উপজেলা পরিষদের অক্টোবর-২০২২ খ্রি. মাসের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

| ক্র.নং | সভার বিবরণ | সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের অক্টোবর-২০২২ খ্রি. মাসের মাসিক সাধারণ সভা | সকাল: ১১.০০ ঘটিকায় | |

*আলোচ্য সূচি :*

১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা
৩) স্থায় কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ
৪) এডিপি/টিআর/কাবিখা/কাবিটা এর অগ্রগতি পর্যালোচনা
৫) উপজেলা কমিটি সমূহের প্রস্তাব পর্যালোচনা
৬) পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা
৭) সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা
৮) বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা
৯) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) সম্পর্কিত আলোচনা
১০) বিবিধ

১৭/১০/২২
(জেসমিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর
ফোন : ০২৩৩৩৩৪৩১৬৬
e-mail: unokcharisadar@gmail.com

*প্রাপক : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :*

১। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা
২। জনাব মো. আকতার হোসেন/জনাব নিউসা মগ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর।
৩। ........................................................................................ (সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান), উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪। চেয়ারম্যান, খাগড়াছড়ি/কমলছড়ি/গোলাবাড়ী/পেরাছড়া/ভাইবোনছড়া ইউপি, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল :

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ পার্বত্য খাগড়াছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর উপজেলা।

উপজেলা পরিষদ
খাগড়াছড়ি সদর
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.sadar.khagrachari.gov.bd

মাসিক সাধারণ সভার ৩৯তম কার্য়বিবরণী

বিচবচ্য মাস : অক্টোবর- ২০২২ খ্রি.
সভার তারিখ : ২৪.১০.২০২২ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা
সভাপতি : জনাব আলহাজ্ব মো. শানে আলম, উপজেলা চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-ক তে স্বাক্ষরের ক্রমানুসারে উল্লিখিত

সভার প্রারম্ভে ৫ম উপজেলা পরিষদের উপজেলা চেয়ারম্যান উপস্থিত সকলকে সালাম, নমস্কার, শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের ৩৯তম মাসিক সাধারণ সভা শুরু করেন এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদ সদর'কে বিগত সভার কার্য়বিবরণী পাঠ ও সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। মুখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্য়বিবরণী পাঠ করে শুনান। বিগত সভার সিদ্ধান্তে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মতক্রমে গৃহীত হয়। এরপর তিনি সকল বিভাগীয় কার্য়ক্রম সর্ম্পকে বক্তব্য দেয়ার জন্য প্রত্যেক বিভাগকে আহবান জানান। বিভাগওয়ারী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক নং ও দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। উপজেলা প্রকৌশলীর কার্য়ালয় | উপজেলা প্রকৌশলী জনাব মো. রাজু আহমেদ সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে খাগড়াছড়ি সদর উপজেলার জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৪০০) থোক বরাদ্দের ১ম কিস্তি বাবদ ২২.০৫ (বাইশ লক্ষ পাঁচ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। ADP কাজ বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা দেওয়ার জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ করেন।<br><br>ব্যাচেলর ডরমিটরি ভবনের ভাড়া বর্ধনের সুপারিশের প্রেক্ষিতে প্রতি সিট ডিসেম্বর-২০২২ খ্রি. পর্যন্ত ৭০০/- টাকা, জানুয়ারি-২০২৩ খ্রি. হতে ১০০০/- (এক হাজার) টাকা নির্ধারণের সুপারিশ করা হয়।<br><br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর নির্মাণ প্রকল্পের স্মারক নং এলজিইডি/পিডি(সিএইচএসএমএমপি)/পি-০৫/২০২২/৮৩২, তারিখ: ৮ আগস্ট ২০২২ এ গোলাবাড়ি মৌজায় মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর'টি স্থাপনের অনুমোদন হয়। মুক্তিযুদ্ধ স্মৃতি যাদুঘর এর জন্য প্রস্তাবিত জায়গায় মৌজা হবে বাঙ্গালকাটি, কিন্তু ভূল বশত: কারণে ৩নং গোলাবাড়ী মৌজায় তা অনুমোদন হয়। এমতাবস্থায় তা সংশোধন পূর্বক গোলাবাড়ী মৌজার স্থলে বাঙ্গালকাটি মৌজায় অনুমোদন এর জন্য সভায় আলোচনা হয়।<br><br>তিনি আরও জানান যে, ১) মেসার্স রেজা এন্টারপ্রাইজ, মুসলিম পাড়া, খাগড়াছড়ি সদর, ২) বঙ্গামিত্র চাকমা, কমলছড়ি, খাগড়াছড়ি সদর এবং ৩) আসিফ আলম চৌধুরী, নারিকেল বাগান, খাগড়াছড়ি সদর এর নামে উপজেলা কমপ্লেক্সের ভিতর পুকুর'টি ইজারা দেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১) ADP কাজ বাস্তবায়নে জন্য প্রকল্প তালিকা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ব্যাচেলর ডরমিটরি ভবনের ভাড়া প্রতি সিট ডিসেম্বর-২০২২ খ্রি. পর্যন্ত ৭০০/- টাকা, জানুয়ারি-২০২৩ খ্রি. হতে ১০০০/- (এক হাজার) টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। গোলাবাড়ি মৌজার পরিবর্তে বাঙ্গালকাটি মৌজায় মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর'টি নির্মাণের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। আফিস আলম চৌধুরী, নারিকেল বাগান, খাগড়াছড়ি সদর এর নামে উপজেলা পুকুর'টি ইজারা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/ উপজেলা পরিষদ |
| ২। ত্রাণ ও পূর্ণবাসন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব নিমাই চন্দ্র রায় সভায় জানান যে,<br>ক) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) :<br>১। টিআর সাধারণ ১ম পর্যায় (উপজেলাওয়ারী) ২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী ১ম পর্যায়ের মোট ১৭,৭১,১৮০.২৩ টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্পের সংখ্যা ১২টি। প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান।<br>২। টিআর ১ম পর্যায় (পৌরসভা) ২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ | চলমান উন্নয়ন কার্য়ক্রমের সঠিক মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | (টিআর) কর্মসূচির আওতায় পৌরসভার অনুকূলে ১ম পর্যায়ের মোট ৬,৮৫৫৯১.২৯/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত নগদ অর্থ ৩,৮৫,৫৯১.২৯/- টাকা প্রকল্পের সংখ্যা ০৪টি, অগ্রগতি- ৫০%।<br>খ) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) :<br>১। কাবিখা/কাবিটা ১ম পর্যায় উপজেলাওয়ারী ২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী ১ম<br>**পর্যায়ে ২৫,৪৭,৭৯৭.৮৪ টাকা ১৬.৯৮৫৫ মে:টন চাল ১৬.৯৮৫৫ মে:টন গম বরাদ্দ পাওয়া গেছে। টাকা দ্বারা বাস্তবায়িত প্রকল্প সংখ্যা ০৯টা, চালের দ্বারা বাস্তবায়িত প্রকল্প সংখ্যা ০৩ টা, গম দ্বারা প্রকল্প সংখ্যা ০৪ টা। প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান।**<br>গ) দুর্য়োগ ঝুঁকিহ্রাস কর্মসূচি : দুর্য়োগ ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ঋণের টাকা আদায় সংক্রান্ত হালনাগাদ তথ্যের অগ্রগতি- মার্চ-২০২০ খ্রি. মাসে ০২ জনের নিকট হতে ১৩,৬৭৫ টাকা ঋণ আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।<br>ঘ) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির ভূমিহীন ও গৃহহীনদের ঘরের বরাদ্দ ৪র্থ পর্যায় : ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় মুজিববর্ষ উপলক্ষে ৪র্থ পর্যায়ে ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ “ক” শ্রেণির পরিবার পুর্ণবাসনের লক্ষ্যে এ উপজেলায় ১৭৫ টি ঘরের জন্য প্রতিটি ঘর ২,৫৯,৫০০/- টাকা হারে মোট ৪,৫৪,১২,৫০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত ঘরের সংখ্যা ১৭৫টি, অগ্রগতি- ৯০.৪৩%। | | |
| ৩। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: সনজীব ত্রিপুরা সভায় জানান যে, সদর উপজেলায় ম্যালেরিয়া আক্রান্ত রোগীর সংখ্যা ০১ জন । কোভিড-১৯ রোগীর সংখ্যা সর্বমোট ২,৩৮২ জন। পৌরসভা ২,১২৩ জন, বিভিন্ন ইউনিয়নে ২৫৯ জন। মৃত্যু ৩৮ জন। সুস্থ্য ঘোষণা করা হয়েছে ২,৩৩১ জন। উপজেলার লোক সংখ্যা মোট ১,১৩,৪১৭ জন, গর্ভবতীর প্রজেকশন ১,৭৪৭ জন।<br>তিনি আরও জানান যে, শিশুদের করোনার টিকা নেওয়ার ক্ষেত্রে স্বাস্থ্য উপকারিতা সম্পর্কে তিনি বলেন বড়দের মতো শিশুরাও সুরক্ষা পাবে। মহামারির শুরুতে দেশে মৃত্যুহার কত ছিল আর এখন কত। টিকা নেওয়ার কারণে মৃত্যুহার কমে এসেছে। করোনা আক্রান্ত হলেও টিকা নেওয়ার কারণে ফুসফুস আক্রান্ত হওয়ার সম্ভাবনা কম থাকবে। এটি শিশু-প্রাপ্তবয়স্ক সবার ক্ষেত্রেই। এতে মৃত্যুঝুঁকিও কমবে। দেশে করোনাভাইরাস প্রতিরোধে ৫ থেকে ১২ বছরের বয়সী শিশুদের ফাইজারের টিকার আওতায় আনা হবে। জন্মসনদ দিয়ে সুরক্ষা অ্যাপে শিশুদের টিকা পেতে নিবন্ধনের আহ্বান জানান। | ১। জ্বর, সর্দি, কাঁশি বা কোভিড-১৯ এর উপসর্গ দেখা দিলে কোভিড টেষ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। জন্মসনদ দিয়ে সুরক্ষা অ্যাপে ৫ থেকে ১২ বছরের শিশুদের টিকা পেতে নিবন্ধনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ৪। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব সোহাগময় চাকমা সভায় জানান যে, উপজেলার সর্বমোট সক্ষম দম্পতি : পূর্ববতী মাসে সংখ্যা ১৯,৯৯৪ জন এবং রিপোটিং মাসের সংখ্যা ২০,০০৭ জন।<br>সর্বমোট গর্ভখালাস : স্বাভাবিক পূর্ববর্তী মাসে ৪৯ জন এবং রিপোটিং মাসে ৪০ জন। অন্যান্য ০১ জন। FWC তে স্বাভাবিক আগস্ট-২০২২ খ্রি. ০৭ জন এবং সেপ্টেম্বর-২০২২ খ্রি. ০৩ জন।<br>সর্বমোট গর্ভবর্তীর সংখ্যা : আগস্ট-২০২২ খ্রি. মাসে ৪০০ জন এবং সেপ্টেম্বর-২০২২ খ্রি. মাসে ৪৪২ জন।<br>সর্বমোট গর্ভবর্তী পরিচর্য়া : পূর্ববর্তী মাসে সেবাগ্রহীতার সংখ্যা ১৪৭ জন এবং রিপোটিং মাসের সংখ্যা ১৫৬ জন।<br>সর্বমোট জীবিত জন্মের সংখ্যা : পূর্ববর্তী মাসে সংখ্যা ৬৩ জন এবং রিপোটিং মাসের সংখ্যা ৬৬ জন।<br>সর্বমোট মৃতের সংখ্যা : পূর্ববর্তী মাসে সংখ্যা ০৫ জন এবং রিপোটিং মাসের সংখ্যা ০৭ জন।<br>সর্বমোট সাধারণ রোগীর সেবা প্রদান : পূর্ববর্তী মাসে সংখ্যা ২,০১৪ জন এবং রিপোটিং মাসের সংখ্যা ২,২৩৭ জন।<br>সর্বমোট নব-দম্পতির সংখ্যা : পূর্ববর্তী মাসে ০৫ জন, রিপোটিং মাসে ১৬ জন।<br>সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (পুরাতন+নতুন) : পূর্ববর্তী মাসের সংখ্যা ১৫,৪১১ জন এবং রিপোটিং মাসের সংখ্যা ১৫,৪৮৫ জন। | ১। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রগুলো সঠিকভাবে পর্যবেক্ষণ করার জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>২। সেবা সপ্তাহ এবং ডেলিভারির কার্য়ক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার : পূর্ববর্তী মাসে ৭৭.০৮% এবং রিপোটিং মাসে ৭৭.৪০%।<br>সর্বমোট জনসংখ্যা : পূর্ববর্তী মাসের সংখ্যা ১,০১,৭৪৫ জন এবং রিপোটিং মাসের সংখ্যা ১,০১,৮০৪ জন। | | |
| ৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী কর্মকর্তা জনাব কলি চাকমা সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের ২০২১-২২ এর অর্থবছরের নলকূপ এর কাজ চলমান রয়েছে। ৫৮ গ্রাম এবং বাজার প্রকল্পের আওতায় চলমান পাবলিক টয়লেট- ১) আল আমিন বারীয়া মাদ্রাসা, ২) ইসলামিয়া মাদ্রাসা, ৩) জেলা কারাগার ও ৪) লম্বা পাড়া'র কাজ চলমান আছে।<br>৫৮ গ্রাম এবং বাজার প্রকল্পের পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের- ১) লম্বা পাড়া, ২) শালবন, ৩) উত্তর সবুজ বাগ ও ৪) ৩নং প্রকল্পের কাজ চলমান আছে।<br>তিনি আরও জানান যে, PEDP-4 প্রকল্পের আওতায় ওয়াশ ব্লক- ১) মহালছড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ২) দেবেন্দ্র মোহন সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৩) খবং পড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ৪) এপিবিএন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলমান আছে। বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | পরবর্তী সভায় উপস্থিত থাকাসহ মার্কাস মসজিদ, জিরো মাইলে টয়লেট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশল কর্মকর্তা |
| ৬। কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্ত'র পক্ষে জনাব এ.কে.এম. জাকির হোসেন সভায় জানান যে, আমন, খরিপ-২/২০২২-২৩ আমন প্রণোদনা কর্মসূচি, মৌসুমে এনএটিপি, মৌসুমে রাজস্ব কর্মসূচি, তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প এবং অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান প্রকল্প কার্য়ক্রম চলমান আছে। খরিপ-১/২০২২-২৩ মৌসুমে কৃষক পর্য়ায়ে ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন প্রকল্প, কফি ও কাজুবাদাম প্রকল্প এবং অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান প্রকল্প কার্য়াক্রম চলমান আছে।<br>তিনি আরও জানান যে, গ্রীষ্মকালনি সবজির আন্ত:পরিচর্য়া সার ব্যবস্থাপনা, ফলদ বাগানের বালাই ব্যবস্থাপনা এবং জৈব সার উৎপাদন ও ব্যবহার বিষয়ে কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। | গ্রীষ্মকালনি সবজির আন্ত:পরিচর্য়া সার ব্যবস্থাপনা, ফলদ বাগানের বালাই ব্যবস্থাপনা এবং জৈব সার উৎপাদন ও ব্যবহার বিষয়ে কৃষকদের সব সময় উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৭। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জনাব মো. আকুল কাদির সভায় জানান যে, ১) গবাদি পশু টিকা প্রদান= ১,২৮০ টি,<br>২) গবাদি পশু চিকিৎসা প্রদান = ১,৩৮৯ টি,<br>৩) হাঁস-মুরগী টিকা প্রদান = ৮,০০০ টি,<br>৪) হাঁস-মুরগী চিকিৎসা প্রদান = ১৩,৩২২ টি,<br>তিনি আরও জানান যে, কৃত্রিম প্রজনন- ১৭১টি, উঠান বৈঠক- ০২টিসহ খামার পরিদর্শন করা হয়েছে ০৯টি। বিভাগীয় অন্যান্য কার্য়ক্রম স্বাভাবিকভাবে চলছে। | গবাদি পশু এবং হাঁস-মুরগীর টিকা, চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন, উঠান বৈঠকসহ খামার পরিদর্শন কার্য়ক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৮। মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব সুদৃষ্টি চাকমা সভায় জানান যে, মাঠ পর্য়ায়ে সংযোগ মৎস্য চাষীদের নিয়মিত পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান অব্যহত রয়েছে। প্রতিবেদনাধীন মাসে পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান ২০টি, প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষীর খামার পরিদর্শন পরামর্শ প্রদান ১২টি অফিসে পরামর্শ প্রদান ০৭ জন, মাছ বাজার পরিদর্শন ২০ দিন।<br>ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ।। (এনএটিপি-২) : ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ। । (এনএটিপি-২) এর আওতায় নিবন্ধিত দশ (১০)টি সমিতির বিপরীতে বিভিন্ন প্রযুক্তি প্যাকেজে দশটি প্রদর্শনী বাস্তবায়নের বরাদ্দ পাওয়া গেছে এবং পুকুর প্রস্তুতপূর্বক চলতি মাসে বাস্তবায়ন করা হবে।<br>মৎস্য অধিদপ্তরের কল সেন্টার ১৬১২৬ : মৎস্য বিষয়ক যে কোন পরামর্শ সেবা পেতে ১৬১২৬ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করার অনুরোধ করা হলো। মৎস্যচাষী, মৎস্যজীবি ও সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ ও প্রচারে সহযোগিতা কামনা করেন। | ১। মৎস্য চাষীদের নিয়মিত পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান, প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষীর খামার পরিদর্শন পরামর্শ প্রদানসহ মাছ বাজার পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ। । (এনএটিপি-২) এর আওতায় নিবন্ধিত সমিতির বিপরীতে বিভিন্ন প্রযুক্তি প্যাকেজে প্রদর্শনী বাস্তবায়ন এবং পুকুর প্রস্তুতপূর্বক চলতি মাসে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ৯। শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব মো. রবিউল ইসলাম সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে PEDP-4 প্রকল্পের অর্থায়নে বিশেষ চাহিদা সম্পন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ০২টি হুইল চেয়ার, ০২টি ক্র্যাচ, ০৩টি শ্রবনযন্ত্র, ০৭টি চশমা ও ঔষুধ বিতরণের অর্থ বিতরণ করা হয়। সুবিধাভোগী শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকগণ উপস্থিত থেকে এ সকল অ্যাসিস্টিভ ডিজাইন গুলো উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট থেকে গ্রহণ করেন। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক। বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জনাব মো. মনিরউজজামান চৌধুরী সভায় জানান যে, অক্টোবর-২০২২ খ্রি. মাসে ১১টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। শিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য মাল্টিমিডিয়া ক্লাস সচল রাখা, স্কাউট/গার্লগাইড কার্যক্রম ঠিক রাখা, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করা, বিদ্যালয়ের P+A কমিটির কার্যক্রম চালু করা, যৌন হয়রানি, মাদক বিরুধী, বাল্য বিবাহ বিরুধী কমিটি গঠন করা। শিক্ষার্থীদের মহান মুক্তিযুদ্ধ ও অসাম্পদায়িক চেতনায় মনোভাব নিয়ে বেড়ে উঠার লক্ষ্যে দৈনিক এসেম্বলিতে এসব বিষয়ে আলোচনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে চাহিত শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য প্রেরণ করা হয়।<br>তিনি আরও জানান যে, ২৬ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে জাতীয় বিজ্ঞান যাদুঘরের তত্ত্বাবধানে উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় বিজ্ঞান কুইজ-২০২২ এর প্রতিযোগিতা সম্পন্ন হয়। | ১। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, শিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য মাল্টিমিডিয়া ক্লাস সচল রাখা, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগীতাসহ যৌন হয়রানি, মাদক বিরুধী, বাল্য বিবাহ বিরুধী কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। শিক্ষার্থীদের মহান মুক্তিযুদ্ধ ও অসাম্পদায়িক চেতনায় মনোভাব নিয়ে বেড়ে উঠার বিষয়ে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১১। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্ত'র পক্ষে জনাব মংশিচিং মারমা সভায় জানান যে, সুদমুক্ত ঋণ আদায়ের তার সন্তোষজনক। সামাজিক নিরাপত্তা বেষ্টনীল আওতায় ০৫টি ইউনিয়নের বয়স্ক ভাতা ২,৯৪০ জন, বিধবা ভাতা ১,৯১৪ জন, প্রতিবন্ধি ভাতা ১,৪৮৭ জন ভাতা প্রদান করা হচ্ছে। অনগ্রসর জনগোষ্ঠী ভাতা ৪১ জন, হিজড়া ভাতা ০২ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ৮৪ জন, অনগ্রসর শিক্ষা ভাতা বৃত্তি ২২ জন, হিজড়া শিক্ষা উপবৃত্তি ০৫ জন'কে বিকাশের মাধ্যমে প্রদান করা হচ্ছে।<br>তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে নদীভাঙ্গানে ভিটামাটিহীন/ক্ষতিগ্রস্থ ও বস্তিবাসীদের গৃহনির্মাণ কর্মসূচির আওতায় ০৩টি পরিবারের প্রতিটি ঘর নির্মাণের জন্য ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা সর্বমোট ৭,২০,০০০/- (সাত লক্ষ বিশ হাজার) টাকার চেক বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে পাওয়া যায় এবং তা সম্পূন্ন করা হয়েছে। | সুষ্ঠু ও সুন্দরভাবে সকল প্রকার ভাতা বিতরণ কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২। মহিলা বিষয়ক অধিদপ্তর | প্রোগ্রাম অফিসার সদর উপজেলার দায়িত্ব প্রাপ্ত মহিলা বিষয়ক কর্মকর্তা'র পক্ষে জনাব অনুজিতা চাকমা সভায় জানান যে, খাগড়াছড়ি সদর উপজেলায় ২০২১-২০২২ চক্রে ভিজিডি কার্যক্রম ৫(পাঁচ)টি ইউনিয়নে ১২২৯ জনের অক্টোবর-২০২২ মাসে প্রতিজনে ৩০ কেজি করে ১২২৯ জন উপকারভোগীকে ৩৬.৮৭০ মে:টন চাউল বিতরণ চলমান আছে। ২০২০-২০২১ অর্থবছরে ০৫টি ইউনিয়নে সর্বমোট ২৫০ জন মাতৃত্বকাল ভাতাভোগী চলমান রয়েছে। | সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় গৃহীত চলমান প্রকল্পগুলো সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩। যুব ও ক্রীড়া বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার পক্ষে জনাব বকুল বিকাশ চাকমা সভায় জানান যে, ১) চলমান আদায়- আদায়যোগ্য = ২,৫৩,৬৬০/- টাকা<br>আদায় = ২,৩০.৬০০/- টাকা, হার ৯১%<br>কিস্তি খেলাপি= ৪১,৭৪০/- টাকা।<br>২) মোট খেলাপি = ৯,৪৯,০৮৯/- টাকা<br>৩) প্রশিক্ষণ ২০২২-২০২৩ অর্থবছরে ১ ব্যাচ এবং এক দিনের জনসচেতনতা মূলক প্রশিক্ষণ বরাদ্দ পাওয়া গেছে। ১টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>৪) শুরু থেকে ২০২২ জুন পর্যন্ত ৩৯৬১ জনকে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৫) প্রস্তাবিত যুব ক্লাব নিবন্ধন ০১টি<br>৬) ১ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে ঋণ বিতরণ করা হবে ৯.৮০,০০০/- টাকা। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৪। সমবায় অধিদপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা জনাব মোহাম্মদ জহির উদ্দিন সভায় জানান যে,<br>১) অডিট অগ্রগতি-<br>অডিট বরাদ্দ : কেন্দ্রীয়- ০১টি +প্রাথমিক সমিতি-১৩২টি, মোট ১৩১টি।<br>অডিট সম্পাদন: কেন্দ্রীয়- ০টি +প্রাথমিক সমিতি-৭২টি, মোট ৭২টি।<br>২) অডিট ফি আদায় :<br>ধার্য্য : ৩৪,৯২০/- টাকা, আদায় : ৩৪,৯২০/- টাকা।<br>৩) ভ্যাট :<br>ধার্য্য : ৫,২৪০/- টাকা, আদায় : ৫,২৪০/- টাকা।<br>৪) সমবায় উন্নয়ন তহবিল আদায় :<br>ধার্য্য : ৪৪,৮৪০/- টাকা, আদায় : ৪৪,৮৪০/- টাকা।<br>৫) বর্তমান মাসে বঙ্গমাতা শেখ ফজিল্লাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি গঠন করা হয়েছে। | বিভাগীয় কার্য়ক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব জীবক চাকমা সভায় জানান যে, সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় জমা, ঋণ তহবিল, ঋণ বিতরণ , ঋণ গ্রহীতা সদস্য, পিআরডিপি-৩ কার্য়ক্রমের ইউনিয়ন সংখ্যা, গ্রাম উন্নয়ন কমিটি গঠন, ভিডিসি ও ইউসিসি স্কীমসহ মাঠ ভিত্তিক প্রশিক্ষণ ইউসিসিএম কাজের অগ্রগতি লক্ষ্যমাত্রা অনুযায়ী সন্তোষজনক। আদায়ের হার ১০০%।<br>তিনি আরও জানান যে, গোলাবাড়ি ইউনিয়নে ভিডিসি স্কীমগুলো অনুমোদন হয়। যেমন- ১) উত্তর মহালছড়া বাগান পাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের পাকা গাইড ওয়াল নির্মাণ, ২) রাঙ্গাপানিছড়া পাড়া কমল জ্যোতি চাকমা বাড়ি সংলগ্ন গভীর নলকূপ স্থাপন। ৩নং গোলাবাড়ি ইউনিয়নে বিগত ২০ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬৮তম ইউসিসিএমএ বিষয়ের উল্লেখিত স্কীমসমূহ বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদন হয়। সেই প্রেক্ষিতে সদর দপ্তর হতে ২০২২-২০২৩ অর্থবছরে ০২টি ইউনিয়নের (১০+১০) = ২০টি ভিডিসি স্কীম লক্ষ্য মাত্রানুসারে (১ম কিস্তি) বাবদ ৩,২০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। যা ব্যাংক হিসাবে জমা আছে। স্কীমগুলো বাস্তবায়নের জন্য (পিআরডিপি-৩) এর ৮০% হিসাবে (৮০,০০০X২) = ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা ভিডিসি স্কীম চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সুপারিশ করা হয়। | ১। বিভাগীয় কার্য়ক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন সন্তোষজনক। কাজের এ ধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। গোলাবাড়ি ইউনিয়নে ভিডিসি স্কীমগুলো ১) উত্তর মহালছড়া বাগান পাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের পাকা গাইড ওয়াল নির্মাণ, ২) রাঙ্গাপানিছড়া পাড়া কমল জ্যোতি চাকমা বাড়ি সংলগ্ন গভীর নলকূপ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। ফরেস্টার বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা জনাব বাবুরাম চাকমা সভায় জানান যে, খাগড়াছড়ি রেঞ্জে অক্টোবর-২০২২ খ্রি. মাসে অপ্রধান বনজদ্রব্য বাবদ ১,০১,৩২৫/- (এক লক্ষ এক হাজার তিনশত পঁচিশ) টাকা বন রাজস্ব আদায় করা হয়েছে। এছাড়াও আলুটিলার সংরক্ষিত বনাঞ্চলে টহলসহ অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | অপ্রধান বনজদ্রব্য এর নিয়মিত রাজস্ব আদায় কার্য়ক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্য়ক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার বন কর্মকর্তা |
| ১৭। উপজেলা আনসার ভিডিপি | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জনাব রোকেয়া পারভিন সভায় জানান যে, খাগড়াছড়ি সদর উপজেলায় ২০টি পূজামন্ডপে শারদীয় দুর্গা পূর্জায় অংশ গ্রহণকারী পুরুষ ৮৮ জন ও মহিলা ৪০ জনসহ মোট ১২৮ জন। কোন প্রকার দুর্ঘটনা ছাড়াই পূজা মন্ডপের দায়িত্ব পালন সম্পন্ন করেন। নিরাপত্তায় নিয়োজিত আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের মাঝে ভাতা বিতরণ সম্পন্ন করা হয়।<br>শেখ রাসেলের ৫৯তম জন্মদিন উপলক্ষে খাগড়াছড়ি সদর, উপজেলা চেঙ্গীব্রিজ হেরিটেজ পার্কেও ২টি ক্লাব সমিতিতে ২০০টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপন করা হয়।<br>তিনি আরও জানান যে, খাগড়াছড়ি সদর উপজেলায় ১নং সদর ইউনিয়নে ১০দিন ব্যাপী অস্ত্রবিহীন গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণের জন্য ভিডিপি পুরুষ ৩২ জন ও ভিডিপি মহিলা মহিলা ৩২ জন মোট ৬৪ জন। ১৬ অক্টোবর ২০২২ খ্রি. হতে ৭ অক্টোবর ২০২২ খ্রি. পর্যন্ত সম্পন্ন করা হয়। বিভাগীয় অন্যান্য কার্য়ক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | প্রশিক্ষণ কার্য়ক্রমসহ অন্যান্য কার্য়ক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৮। বিবিধ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) : উপজেলা ডেভেলপমেন্ট (ইউডিএফ) কর্মকর্তা জনাব টিন্টু চাকমা সভায় জানান যে, অবকাঠামো উন্নয়নমূলক উপ প্রকল্পের আওতায় "ভূয়াছড়ি বায়তুল আমান ইসলামিয়া দাখিল মাদ্রাসার নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। মেজারম্যান্ট বুক মোতাবেক সম্পাদিত নির্মাণ কাজের মোট বিল ১০,০৪,৩৪২ (দশ লক্ষ চার হাজার তিনশত বেয়াল্লিশ) টাকা মাত্র। সংশ্লিষ্ট ঠিকাদার উল্লেখিত টাকা বিল পাওয়ার জন্য আবেদন করেছেন। বিলটি সদয় অনুমোদন করা যেতে পারে।<br>তিনি আরও জানান যে, সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় "চাকমা এবং মারমা ভাষার উপর ১০ (দশ) দিনব্যাপী প্রশিক্ষণ" সমাপ্ত হয়েছে। এতে মোট ৫০ (পঞ্চাশ) জন শিক্ষক শিক্ষিকা অংশগ্রহণ করেছেন। | বিল'টি সভায় অনুমোদন করা হয় এবং UGDP কার্যালয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিভাগ |
| | উপজেলা খাদ্য বিভাগ : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্ত'র পক্ষে জনাব হীরানন্দ চাকমা সভায় জানান যে, ২৪ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে খাগড়াছড়ি সদর খাদ্য গুদামের প্রারম্ভিক মজুদ আতপ চাল ৪২৮.৮১১ মে:টন, সিদ্ধ চাল ৪৭৪.৬১২ মে:টন, গম ৩৭৫.৯২২ মে:টন এবং ধান ২১.০০০ মে:টন। | কাজের এ ধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা |
| | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক : উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক ব্যবস্থাপক জনাব তনুশ্রী চাকমা সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংকে মোট সমিতি ১৫০টি, মোট সদস্য সংখ্যা ৬০৫৩ জন, মোট সঞ্চয় জমা ৩৬০.০৪, কল্যান অনুদান প্রাপ্তি ২১৭.৪০ এবং ঘূনার্য়মান তহবিল প্রাপ্তি ৪৩২.৯৬ সর্বমোট তহবিল ১০১০.৪০।<br>তিনি আরও জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংকে ঋণ কর্যক্রম- প্রধান কার্য়ালয়ের নিদের্শনা মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছরে ঋন বিতরণের লক্ষ্যমাত্রা ১০০০.০০, ঋন আদায়ের লক্ষ্যমাত্রা ৯২৫.০০ এবং সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ৭৫.০০। জুলাই-২০২২ থেকে সেপ্টম্বর-২০২২ মাসে ঋণ বিতরণ ২২৬.২৯, বিতরণের হার ৭৫%, ঋন আদায় ২৫৩.৮৪, আদায়ের হার ১০৯%, সঞ্চয় আদায় ১৫.৭৫, সঞ্চয় আদায়ের হার ৮৪% এবং মাঠে পাওনা ঋন ১.০৯০.২৩ এবং বিভাগীয় অন্যান্য কার্য়ক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের এ ধারা অব্যহত রাখার জন্য উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক ব্যবস্থাপক |
| | মেয়র, খাগড়াছড়ি পৌরসভা : মেয়র, খাগড়াছড়ি পৌরসভার পক্ষে প্রতিনিধি জনাব অতীশ চাকমা সভায় উপস্থিত; বিভাগীয় কার্য়ক্রমের কোন প্রতিবেদন প্রেরণ করেননি। বিভাগীয় কার্য়ক্রম সর্ম্পকে কোন কিছু জানা গেল না। | মাসিক প্রতিবেদন প্রেরণ করার জন্য পৌরসভার প্রতিনিধি'কে অনুরোধ করা হলো। | মেয়র, খাগড়াছড়ি পৌরসভা |
| | ইন্সট্রাক্টর ইউআরসি : উপজেলা ইন্সট্রাক্টর ইউআরসি কর্মকর্তা জনাব রিন্টু কুমার চাকমা সভায় জানান যে, বিদ্যালয় পরিদর্শন লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন সন্তোষজনক। ২০২২-২০২৩ অর্থবছরে অদ্যাবধি প্রশিক্ষণ বাবদ কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে প্রশিক্ষণ পরিচালনা করা হবে। | বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে প্রশিক্ষণ পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ইন্সট্রাক্টর ইউআরসি কর্মকর্তা |
| | উপজেলা তথ্যআপা প্রকল্প (২য় পর্য়ায়) : উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জনাব তোসিকা ত্রিপুরা সভায় জানান যে, ডোর টু ডোর ও তথ্যকেন্দ্রের মাধ্যমে গ্রামীণ নারীদের ইন্টারনেটভিত্তিক তথ্যসেবা, প্রাথমিক স্বাস্থ্যসেবা ও ই-কমার্স সহায়তা প্রদান করা হয়। এছাড়া, বিভিন্ন সরকারি বেসরকারি দপ্তরের গুরুত্বপূর্ণ সেবাসমূহ সম্পর্কে অবগত করা হয় এবং নারী ও শিশু নির্য়াতন, বাল্যবিবাহ ইত্যাদি বিষয়ে সচেতন করা হয়। | গ্রামীণ নারীদের ইন্টারনেটভিত্তিক তথ্যসেবা, প্রাথমিক স্বাস্থ্যসেবা ও ই-কমার্স সহায়তা প্রদান এবং নারী ও শিশু নির্য়াতন, বাল্যবিবাহ বিষয়ে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| | উপজেলা টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড : উপজেলা প্রকল্প ব্যবস্থাপক টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প কর্মকর্ত জনাব মো. মতিউর রহমান সভায় জানান যে,<br>সাধারণ তথ্য : ক) পাড়াকেন্দ্রের আওতাভূক্ত পরিবার সংখ্যা ১৫,৩২১ টি, খ) আওতাভূক্ত পরিবারের জন সংখ্যা পুরুষ ৩৩,২১৪ জন, মহিলা ৩৪,৭৫১ জন, সর্বমোট ৬৭,৯৬৫ জন। | ১। কোভিড পরবর্তী শিশু শিক্ষায় সহায়তা করণের লক্ষ্যে বিভিন্ন ইউনিয়নে ক্লাষ্টার জরীপ কার্যক্রম করা এবং কিশোরী, গর্ভবতী ও বুকের দুধদানকারী মা'দের | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক টেকসই সামাজিক সেবা প্রদান |

| | | | |
|---|---|---|---|
| | <u>শিক্ষা কার্যক্রম</u> : ক) পাড়াকেন্দ্রের সংখ্যা ২৫০টি শূন্যপদ ১টি,<br>খ) ২৫০টি পাড়াকেন্দ্রের ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩-৫ বছর ২,০৫৬ জন এবং ৫-৬ বছর ৯৭৬ জন, সর্বমোট ৩,০৩২ জন।<br>গ) ২০২২ সালে পাড়াকেন্দ্র থেকে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ছাত্র ৫৫৩জন ছাত্রী ৯০৭ জন, সর্বমোট ১৫৬০ জন।<br><u>স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম</u> : ক) ০-১৫ মাস শিশুর টিকা লক্ষ্যমাত্রা ৩৪০ জন, অর্জন ৩৩১ জন, হার ৯৭%।<br>খ) ১৫-৪৯ বছর বয়সী মহিলা ১ম ডোজ লক্ষ্যমাত্রা ৩৪৫ জন অর্জন ৩১২ জন, হার ৯০%।<br><u>প্রসূতি মা ভিটামিন "এ" ক্যাপসুল খাওয়ানো</u> : লক্ষ্যমাত্রা ৮৩ জন, অর্জন ৮৩ জন হার ১০০%।<br><u>গর্ভবতী মহিলাদের আয়রন বড়ি খাওয়ানো</u> : লক্ষ্যমাত্রা ৪৮২ জন, অর্জন ৪৮২ জন হার ১০০%।<br><u>দুগ্ধদানকারী মা-দের আয়রন বড়ি খাওয়ানো</u> : লক্ষ্যমাত্রা ২১৭ জন, অর্জন ২১৭ জন হার ১০০%।<br><u>কিশোরী আয়রণ বড়ি খাওয়ানো</u> : লক্ষ্যমাত্রা ৪,০৭৬ জন, অর্জন ৪,০০০ জন, হার ৯৮%।<br><u>পাড়াকেন্দ্র মেরামত</u> : ২৫০টি পাড়াকেন্দ্রের মধ্যে ১৬টি পাড়াকেন্দ্র শতভাগ মেরামত করা হয়েছে। এর মধ্যে খাগড়াছড়ি সদর ইউনিয়ন ৭টি, ভাইবোনছড়া ২টি পেরাছড়া ৩টি, কমলছড়ি ২টি এবং গোলাবাড়ী ২টি।<br>বিদ্যমান ১টি শূন্যপদের নিয়োগ পরীক্ষা ৬ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে খাগড়াছড়ি জেলা কার্যালয়ে অনুষ্ঠিত হবে। | আয়রণ ট্যাবলেট বিতরণ কার্যক্রমসহ ১০-১৯ বছর বয়সী সকল কিশোরীদের নিয়মিত কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। প্রতিমাসে দুটি করে উঠান বৈঠকের মাধ্যমে শিশুর যত্ন ও বিকাশ, স্বাস্থ্য, পুষ্টি বিষয়ে বিভিন্ন উন্নয়ন মূলক পরামর্শ ও সচেতনতামূলক বার্তা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প |
| | <u>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি</u> : আইসিটি অধিদপ্তর উপজেলার সহকারী প্রোগ্রামার জনাব সলিল চাকমা সভায় জানান যে, উপজেলা পর্য়ায়ে সকল কর্মকর্তা কর্মচারীদের প্রতি অনুরোধ করেন তথ্য হালনাগাদ করার বিষয়ে আলোচনা করেন। | উপজেলা পর্য়ায়ে সকল কর্মকর্তা কর্মচারীদের তথ্য হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রাম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| | <u>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) খাগড়াছড়ি (ক্ষুদ্রসেচ)</u> : উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) কর্মকর্তা জনাব মো. মাসুদ আলম সভায় অনুপস্থিত; বিভাগীয় কার্য়ক্রমের প্রতিবেদন দাখিল করেননি। কার্য়ক্রম সম্পর্কে কোন কিছু জানা গেল না। | পরবর্তী সভায় উপস্থিত থাকা ও মাসিক প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন |
| | <u>অক্টোবর-২০২২ খ্রিস্টাব্দ মাসে খরচ বাবদ-</u><br>১) আইন-শৃংখলা, নারী ও শিশু নির্য়াতন প্রতিরোধ সভা বাবদ = ১,৬৪৫ টাকা<br>২) সমন্বয় সভা, ত্রান ও দুযোগ (সিত্রা ঘূর্ণিঝড়) বাবদ = ৪,৩২০ টাকা<br>৩। পত্রিকা ও চেয়ারম্যান অফিস আপ্যায়ন বাবদ = ১,৬২২ টাকা<br>৪) উ: চেয়ারম্যান অফিস সংলগ্ন বাথরুম পরিস্কার ও মেরামত = ১৩,৫০০ টাকা<br>৫। ডিজিটাল সেন্টারের ফটোকপি বাবদ = ১,৪৮৬ টাকা<br>মোট = ২২,৫৭৩ টাকা<br>কথায় : (বাইশ হাজার পাঁচশত তিয়াত্তর) টাকা মাত্রা। | অক্টোবর-২০২২ খ্রিস্টাব্দ মাসে খরচ বাবদ সর্বমোট = ২২,৫৭৩/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |

পরিশেষে সভায় গৃহীত সকল সিদ্ধান্তের প্রতি একমত পোষন করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো. শানে আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর,
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন : ০২৩৩৩৩৪৪২৩৩
e-mail : upazilaparishad@gmail.com
তারিখ: ২৪ অক্টোবর ২০২২ খ্রি.।

স্মারক নং- ০৫.৪২.৪৬৪৯.০০০.০২.০২৪.২০১৯-১১৮৮

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং পার্বত্য খাগড়াছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬। জেলা প্রশাসক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা।

(জেসমিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ সদর,
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন : ০২৩৩৩৩৪৩১৬৬

তাং- ২৪/১০/২০২২ খ্রি. সভা - ৩৭

সভার নাম: অক্টোবর-২০২২ খ্রি. মাসের মাসিক উপজেলা সমন্বয় সভার উপস্থিতি:

সভাপতি : জনাব আলহাজ্ব মো. শাবে আলম, উপজেলা চেয়ারম্যান, খাগড়াছড়ি সদর

| ক্র.নং | নাম ও পদবী | | সদস্য নিজে | সদস্যের প্রতিনিধি | মোবা: অনুপস্থিত |
|---|---|---|---|---|---|
| ০১. | মোঃ আকতার হোসেন | ভাইস চেং | | | |
| ০২. | [illegible] | ভাইস চেয়া: | | | |
| ০৩. | [illegible] হোসেন | [illegible] | | | |
| ০৪. | মো: আব্দুল কাদির | ULO | | | ০১৭১৮৬৮৭০৬১ |
| ০৫. | মো: [illegible] | USEO | | | ০১৭[illegible]৪৬৭/২৪ |
| ০৬. | [illegible] | [illegible] | | | |
| ০৭. | ~~[illegible] ত্রিপুরা~~ | [illegible] | | | |
| ০৮. | [illegible] চাকমা | [illegible] | | [illegible] ২৪/১০/২২ | |
| ০৯. | [illegible] | AYDO | | | |
| ১০. | [illegible] | UCO. | | | |
| ১১. | টিংকু চাকমা | Ug. Dev. Faciliti | | | |
| ১২. | সলিল চাকমা | সহকারী প্রোগ্রামার | | | |
| ১৩. | [illegible] | [illegible] | | | |
| ১৪. | | [illegible] | | | |
| ১৫. | এ.কে.এম. আরিফুল [illegible] | সহকারী কমিশনার (ভূমি) | | | |
| ১৬. | বাব রাম চাকমা | R/O সদর | ২৪/১০ | | |
| ১৭. | অংচিং চাকমা | কাউন্সিলর, পৌরসভা | ২০২২ | মেয়র, প্রতিনিধি। | |
| ১৮. | নিমাই চন্দ্র রায় | PIO | | | |
| ১৯. | [illegible] | [illegible] | | | |
| ২০. | অনুপম চাকমা | [illegible] WDO | | ২৪/১০/২০২২ | |
| ২১. | সুদর্শী চাকমা | SUFO | | | |
| ২২. | [illegible] ত্রিপুরা | TSK | | | |
| ২৩. | তনুশ্রী চাকমা | ব্যবস্থাপক | ২৪/১০/২২ | | |
| ২৪. | [illegible] চাকমা | S.A.E | | | |
| ২৫. | [illegible] | URDO | | | |
| ২৬. | [illegible] | UFPO | | | |
| ২৭. | মো: রাজু আহমেদ | Upazila Enginner | | | ০১৫৫৪৬[illegible] |
| ২৮. | মো: [illegible] | UPM, SSSCHT | | | |